

কল্যাণ মিত্র

১১

বন্ধুদের মধ্যে সবচেয়ে সুন্দর প্রদীপ
এটা সে নিজেও জানত তাই ভয় করত মৃত্যুকে।
অল্প জলেই সে হাসত খেলত ভালোবাসত
অল্প তেলে নাচত দাউ দাউ করে—
তার রূপের আগুনে ভস্ম হয়ে পড়ে থাকতাম আমি
নিজেকে ভাগ্যের হাতে সাঁপে দিয়ে

ভাগ্য এসেছিল। ভাগ্যের পায়ের ছাপ
মালশ্মীর পায়ের মতো শান্ত
ঘরের মেঝেয় পড়ে আছে।

রবিবার

হতে পারে জন্মদিন, হতে পারে তোমার বিবাহবার্ষিকী
খেজুর গাছের নীচে হঠাৎ বিকেল নামল রূপ করে
ঝিলের জলে এক টুকরো কালচে-লাল মেঘ তে-চোখা
মাছের লেজ নাড়িয়ে ভেসে থাকল কিছুক্ষণ। ঈশানের
কিশোরী বোনের মনে হাওয়া দিল খুব...

সামান্য তুলেছি মুখ। তোমার চিবুক ধরে
নারীদহে ভাসানো ধনুক